

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম

নিয়োগ বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং-০৩/২০২৬

তারিখ : ০৮-০৩-২০২৬

নিম্নে বর্ণিত বেতন স্কেল এবং রীতি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত পদে নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :-

ক্রমিক	পদের নাম	অফিস	পদের সংখ্যা	জাতীয় বেতন স্কেল-২০১৫
১।	সেকশন অফিসার	Institutional Quality Assurance Cell (IQAC)	০১ (এক) টি স্থায়ী	৯ম গ্রেড

প্রয়োজনীয় যোগ্যতা :

শিক্ষাজীবনে তৃতীয় শ্রেণি/বিভাগ ব্যতীত ন্যূনতম দ্বিতীয় শ্রেণির মাস্টার্স ডিগ্রি পাশ হতে হবে। পাবলিক প্রকিউরমেন্ট (পি.পি.এ ২০০৬, ২০১০ PPR ২০০৯ এবং সর্বশেষ পরিবর্তনসহ) এবং ভ্যাট, ট্যাক্স ও কম্পিউটার (M.S. Word, M.S. excel, Power point, Email) সম্পর্কে সম্যক ধারণাসহ কমপক্ষে ০২ (দুই) বছর আই.কিউ.এ.সি-তে কাজ করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। নিয়োগের শর্ত পূরণ সাপেক্ষে বিভাগীয় প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। অনার্স/মাস্টার্স ডিগ্রিতে প্রথম শ্রেণিপ্ৰাপ্ত প্রার্থীর ক্ষেত্রে অভিজ্ঞতা শিথিলযোগ্য। ছয় মাসের অগ্রগতি প্রতিবেদন, তিন মাসের আর্থিক প্রতিবেদন প্রস্তুতের অভিজ্ঞতা প্রার্থীর অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

উক্ত পদে নিয়োগ পেলে সংশ্লিষ্ট কর্মকর্তাকে এ বিশ্ববিদ্যালয়ে প্রথম যোগদানের পর অন্তত ০২ (দুই) বছর চাকরি করতে হবে এবং যোগদানের সময় এ মর্মে একটি অঙ্গীকারনামা প্রদান করতে হবে। উক্ত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কর্মকর্তার কোনো চাকরির আবেদন অন্য কোন প্রতিষ্ঠানে ফরোয়ার্ড করা হবে না।

ব্যক্তিগতভাবে যোগাযোগ করে রেজিস্ট্রার অফিস হতে অথবা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট <http://www.cu.ac.bd> হতে ডাউনলোড করে দরখাস্তের নির্ধারিত ফরম সংগ্রহ করা যাবে। উপরিউক্ত পদের জন্য ০৮ (আট) সেট দরখাস্ত আগামী ২৯-০৩-২০২৬ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে (সকাল ৯.০০টা হতে বেলা ৩.০০ মি. পর্যন্ত) গৃহীত হবে।

বাংলাদেশের অগ্রাধিকার/জনতা ব্যাংক লি: এর যে কোন শাখা হতে রেজিস্ট্রার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এর অনুকূলে অগ্রাধিকার/জনতা ব্যাংক লি:, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা, চট্টগ্রাম বরাবর প্রদেয় দরখাস্ত ফি বাবদ ৬ ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) ও প্রার্থীকে সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি দরখাস্তের মূল সেটের সাথে এবং মার্কসশীটসহ সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও নাগরিকত্ব সার্টিফিকেটের সত্যায়িত কপি দরখাস্তের প্রত্যেক সেটের সাথে অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর নিকট নির্ধারিত তারিখের মধ্যে পৌঁছাতে হবে।

ফি ব্যতিরেকে কিংবা উপরে বর্ণিত ব্যাংক ব্যতীত অন্য কোন ব্যাংকে প্রদেয় ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ প্রাপ্ত দরখাস্ত, বিজ্ঞপ্তির শর্ত পূরণ না করলে সে দরখাস্ত, বিজ্ঞপ্তির যোগ্যতা অনুযায়ী প্রয়োজনীয় ডিগ্রি পরীক্ষায় Appeared প্রার্থীর পেশকৃত দরখাস্ত, নির্ধারিত শেষ তারিখের পরে প্রাপ্ত দরখাস্ত, ডাকযোগে/কুরিয়ার সার্ভিস ইত্যাদির মাধ্যমে প্রেরিত কোন দরখাস্ত নির্ধারিত শেষ তারিখের মধ্যে পাওয়া না গেলে সে দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

প্রার্থী তাঁর আবেদনে কোনো অর্জিত শিক্ষাগত যোগ্যতা/প্রশিক্ষণ ইত্যাদি বিষয় গোপন করে থাকলে এবং পরবর্তীতে নিয়োগপ্রাপ্ত হলে এ সকল শিক্ষাগত যোগ্যতা তাঁর চাকরি জীবনে কোনো পদোন্নতি/নিয়োগের ক্ষেত্রে গণনা করা হবে না।

চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। বিশেষ ক্ষেত্রে অতিরিক্ত পরিপূর্ণ এক সেট দরখাস্ত যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করে নির্ধারিত সংখ্যক দরখাস্ত (ব্যাংক ড্রাফট ও সংশ্লিষ্ট সকল কাগজপত্রসহ) অগ্রিম হিসেবে যথাসময়ে দাখিল করতে হবে।

নির্বাচিত প্রার্থীগণের মাসিক মূল বেতন নির্ধারণের ক্ষেত্রে কোন প্রতিষ্ঠানের এল.পি.সি. গ্রহণ করা হবে না।

  
৪.৩.২০২৬

(প্রফেসর ড. মোহাম্মদ সাইফুল ইসলাম)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

ফোন নং পিএবিএক্স-০২৩৩৪৪৬০৭৬৬-৭৪, ০২৩৩৪৪৬০৭৯-৯১, এক্স-৪২০১